



## ইরানি তেলে নিষেধাজ্ঞা শিথিলে সম্মত যুক্তরাষ্ট্র



ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান শান্তি আলোচনার অংশ হিসেবে দেশটির অপরিশোধিত তেলের ওপর আরোপিত নিষেধাজ্ঞা শিথিল করতে নীতিগত সম্মতি দিয়েছে যুক্তরাষ্ট্র। যুদ্ধবিরতি বজায় রাখা ও হরমুজ প্রণালি পুনরায় চালুর শর্তে এ উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছে ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম তাসনিম। প্রতিবেদনে বলা হয়, ইরান ও যুক্তরাষ্ট্রের আলোচনায় মধ্যস্থতা করছে পাকিস্তান। দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী সৈয়দ মহসিন রাজা নাকভি বর্তমানে তেহরান সফরে রয়েছেন। এ সময় ইরান সংশোধিত ১৪ দফা প্রস্তাব পাকিস্তানের মাধ্যমে ওয়াশিংটনে পাঠিয়েছে।

সূত্রের দাবি, চূড়ান্ত সমঝোতা না হওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের ওএফএসি নিষেধাজ্ঞা সাময়িকভাবে শিথিলের প্রস্তাব দিয়েছে। এতে বৈশ্বিক তেলবাজারে চাপ কমতে পারে বলে ধারণা করা হচ্ছে।

তবে ইরানি গণমাধ্যমে ওয়াশিংটনের কিছু শর্তকে ‘অতিরিক্ত’ হিসেবে উল্লেখ করা হয়েছে। এরপরও দুই দেশের মধ্যে প্রস্তাব ও পাল্টা প্রস্তাব বিনিময় অব্যাহত রয়েছে বলে জানা গেছে। এর আগে ফেব্রুয়ারির শেষ দিকে হরমুজ প্রণালি কার্যত বন্ধ করে দেয় ইরান। এতে বিশ্ববাজারে তেলের দাম বেড়ে যায় এবং জ্বালানি সরবরাহে সংকট তৈরি হয়।